

মাদরাসা শিক্ষকদের জন্য জরুরি নির্দেশনা, না মানলে ব্যবস্থা

অনলাইন ডেঙ্ক



মাদরাসা শিক্ষা অধিদপ্তর

মাদরাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের
প্রতিষ্ঠানপ্রধান এবং শিক্ষক-কর্মচারীদের জন্য জরুরি বিজ্ঞপ্তি জারি
করা হয়েছে। অধিদপ্তরে আসতে হলে ছুটি বা অনুমতিপত্র আনতে
বলেছে কর্তৃপক্ষ। বিষয়টি অতীব জরুরি বলে জানানো হয়েছে।

অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মো. আব্দুল মান্নান
স্বাক্ষরিত এ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

এ নির্দেশনা না মানলে ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে অধিদপ্তর।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সম্পত্তি লক্ষ করা যাচ্ছে যে মাদরাসা
শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানপ্রধান
এবং শিক্ষক-কর্মচারীরা নিয়মিত অধিদপ্তরে গমন করছেন। যার

ফলে একদিকে যেমন প্রতিষ্ঠানের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত

হচ্ছে, অন্যদিকে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা পাঠদান বাধিত হচ্ছে।

মাদরাসার বিভিন্ন কাজে যেমন- এমপিওভুক্তিকরণ, এমপিওভুক্ত

মাদরাসায় বিশেষ বরাদ্দ প্রদান, উচ্চতর স্কেল প্রদান, পদোন্নতি,

ডিজির প্রতিনিধি মনোনয়ন, এমপিও-শিটে নাম, পদবি ও বিষয়,

জন্ম তারিখ সংশোধন, বকেয়া প্রদান, প্রশিক্ষণে শিক্ষক-কর্মকর্তা

মনোনয়ন, ইনডেক্স প্রদান, ইনডেক্স কর্তনসহ অন্যান্য কাজ

প্রতিষ্ঠানপ্রধানের মাধ্যমে অনলাইনে বা সরাসরি ডকেটে প্রেরণ

করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

কোনোভাবেই অন্য কোনো ব্যক্তি বা তৃতীয় পক্ষের মাধ্যমে

আবেদন করা যাবে না। প্রতিষ্ঠানপ্রধান বা শিক্ষক-কর্মচারীদের

মাদরাসা শিক্ষা অধিদপ্তরে আসার সময় অবশ্যিকভাবে ছুটি বা

অনুমতিপত্র সঙ্গে আনতে হবে। শাখা কর্মকর্তারা বিষয়টি নিশ্চিত

করবেন।

এ নির্দেশনা অনুসরণ না করলে- ‘বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান

(মাদরাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩

নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত)-এর ১৮.১

(খ) এবং (গ) অনুচ্ছেদ অনুসারে কারিগরি ও মাদরাসা শিক্ষা

বিভাগের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধান এবং শিক্ষক-

কর্মচারীগণের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।